
খণ্ড ১, সংখ্যা ১ | ভাবনগর | আগস্ট ২০১৪
Vol. 1, No. 1 | BHABNAGAR | May 2014

# আগে জান না রে মন

## ইংরেজি অনুবাদে লালনের গান

কিথ ই. কান্তু



বাংলাদেশের কুষ্টিয়ার ছেঁউড়িয়ায় লালনপন্থীদের সংগীতসঙ্গ

# Oh my heart had you only known

## Lalan Songs in Einglish

Keith E. Cantú

**Translations**


## Abstract

The songs of Bangladesh's revered bhāb-sādhaka Lalan Sain have been translated by many different scholars at different times. Often their translations, however, have been primarily designed for literary appreciation or academic analysis. The translations that are found in this article, while they certainly aim to be useful in other contexts, are more directly intended to communicate the spiritual essence of the music and make the various archetypal and linguistic symbols found in Lalan's lyrics come alive for non-native speakers of Bangla. They are also designed to be set to music, and as such have been recently performed with their original Baul melodic scales and instruments by singers in Kushtia, Narsingdi, Dhaka, and elsewhere. To this end, a slightly different perspective has been taken in formatting and word-choice. In the introduction to the translations a brief narrative summarizes how the translator, originally brought up near the border between Mexico and the United States, became initially fascinated both by Bangladesh's sādhana subculture and the songs of Lalan. It then briefly describes his acquaintance and association with the bards or folk singers and followers of Lalan songs, especially those who claim to observe the original or ādi Baul modes of life as passed down through songs and oral tradition, and touches upon his experience in their wider Bangla musical milieu, including both in the more formal sādhu-sanga or community of aspirants and in more casual contexts, both urban and rural. The article closes with a publication of five English translations of Lalan songs, alongside with the original Bangla lyrics as received orally from well-respected Bauls in the Lalan tradition

লালন সাঁই বাংলাদেশের ভাবসাধক শিরোমণি। তাঁর সাধনার ধারা ও গানের সুর-বাণীর প্রতি আকৃষ্ট হয়ে এই প্রবন্ধে লালন সাঁইজি চিন্তা-দর্শন ও সাধনার সাথে পৃথিবীর বিভিন্ন দেশের বিভিন্ন জাতিসত্তার আধ্যাত্মিক ভাব-সাধনার মধ্যে একটি তুলনামূলক আলোচনা করতে চেষ্টা করছি। এই আলোচনার প্রথমে অনুবাদক হিসেবে একজন ম্যাক্সিকান-আমেরিকান কীভাবে লালন সাঁইজির গানের প্রতি আকৃষ্ট হয়েছি—সে কথা যেমন উল্লেখ করা হয়েছে, একই সঙ্গে লালনপন্থীদের জীবনাচার, খাদ্যাভাস, সাধুসঙ্গ, সংগীত পরিবেশনার রীতি, ভাবসাধনা ইত্যাদি বিষয়েও কিছু তথ্য প্রদান করছি। তারপর ইউরোপীয় ও উত্তর আমেরিকার সাধক সম্প্রদায়—তথা O.T.O (Ordo Templi Orientis) আর A∴ A∴ "ম্যাজিক" অনুসারীদের রচিত গ্রন্থ' রচনা বিষয়ে এবং আরবি ও হিব্রু ভাষার অক্ষরমালার মধ্যে প্রতীকায়িত ভাবে যোগ-সাধনার যে মর্মকথা প্রচলিত রয়েছে, তার সাথে লালন সাঁইজির গানের বাণীর অন্তর্ভুক্ত বর্ণমালা ও শব্দের পারস্পারিক সম্পর্ক নিয়ে একটি তুলনামূলক আলোচনা করছি।

### এক

তিন বছর আগে, অর্থাৎ ২০১০ খ্রিষ্টাব্দে Fulbright Fellowship পেয়ে বাংলাদেশে এসে ঢাকার ধানমণ্ডিতে একটা আলোকচিত্র প্রদর্শনী দেখতে গিয়েছিলাম। সেখানে ঢাকার অন্যতম আলোকচিত্রী জাইদ ইসলাম আমার সাথে পরিচিত হন, একই অনুষ্ঠানে আরেকজনকে আমি ভিড় থেকে হঠাৎ দেখি। তার পোশাক একদম সাদা, কিন্তু তার কালো চক্ষু রহস্যের মতো বিরাজ করে। তাঁর কাছে গিয়ে জানতে চাইলাম–

"আপনার নাম কি?"

"বিধান"।

"কি করেন আপনি?"

আমার কথা শুনি তিনি বললেন–

"আমি তো লালন গীতি গাই, শাহবাগে গেলে সব জানতে পারবেন।"

এ কথা শুনে আমার আগ্রহ বেশ বেড়ে গেল। আমি ওই সপ্তাহে শাহবাগে চারুকলার সামনে সোহরাওয়ার্দী উদ্যানে ছবির হাটে যাই। সেখানে সবুজ ঘাষের উপর বসে নিরিবিলিভাবে অনেক সময় কাটলো। তারপর আমার কাছে বসে বিধান আস্তে আস্তে একতারা ও ডুগি বাজাতে শুরু করল। ওই মূহুর্তে আমার মধ্যে অনেক শক্তির অনুভব তৈরি হলো। আমি ভাবছিলাম যে, আরো শিখতে হবে আর জানতে হবে। কিন্তু কিভাবে? আমার 'অন্তর-গুরু' মনের ভিতরে থেকে জবাব দিলো—"সাধনা করতে হবে। না হলে কিছুই হবে না।"

দিনে দিনে তাই আমার বাউল-মন ভাব সাগরে ডুব দিলো। ওই বছর (২০১০-২০১১ খ্রিষ্টাব্দে) আমি কুষ্টিয়া নরসিংদী ও মেহেরপুরে গিয়ে সাধুসঙ্গের মধ্যে থাকতে শুরু করি। কুষ্টিয়ায় লালন শাহ আখড়া বাড়িতে গিয়ে বিধানের সাথে অনেক জ্ঞানী-পরিবেশে যেতে পেরেছি।

নরসিংদীতে গিয়ে আমার বাউল-গুরু হুমায়ূন সাধুকে পেয়ে তাঁর আখড়াতেও থাকতাম। তাঁর সাথে নারায়ণগঞ্জ-এর বন্দরে গিয়ে ফকিরি-পরিবেশে বসে বাংলাদেশের আদি সংস্কৃতি সম্পর্কে আরো ভাল বুঝতে পারি।

বিধান শাহ (হুমায়ূন সাধুর শিষ্য) আমাকে অনেক জায়গায় বাউল জগতে নিয়ে গিয়েছে। এইরকমের ভ্রমণে আমাদের কাছে জিনিসপত্র অনেক কম থাকত।



*ডুগি (বায়া) ও গুপীযন্ত্র (একতারা) বাজিয়ে লালন সঙ্গীত পরিবেশন করছেন কিথ কান্ত পাশে ধ্যান যোগে প্রেমজুড়ি বাদনরত ম্যাডেলিন বেকের*


আসলে, শুধু বাদ্যযন্ত্র, সিদ্ধি-সেবার জিনিস ও ছোটো নোকিয়া মোবাইল ছাড়া তেমন কিছু আমাদের থাকত সঙ্গে থাকতো না। তবে, আসন করার জন্য কয়েকটা গামছা থাকতো আমাদের সঙ্গে। বিশেষ করে লোকনাথ শ্মশান ঘাট, লেংটা বাবার মেলা, কুমিল্লার কাছে, ধানমণ্ডি ২৭-এর দিলু ভাইয়ের লালন সংসদ ভ্রমণ আমার কাছে উজ্জ্বল স্মৃতির অংশ; প্রত্যেক পরিবেশে সারা রাত জেগে প্রচুর গান গেয়েছি এবং সাঁইজীর জ্ঞানের উপর কথা বলে সময় পার করেছি।

আসলে, আমার মন তো সেই ছোটবেলা থেকে সাধনার দিকে চলমান। কেননা, আমার বাবা একজন খ্রিস্টান পুরোহিত ছিলেন, আর আমার মা একই ধার্মিক পথে যান। বাবা-মায়ের সাধনার পথ দেখে, আস্তে আস্তে আমার নিজের মনে কিছু প্রশ্ন জেগে উঠেছে, যেমন—"গড আসলে কে?" অথবা "অন্য ধর্মের মধ্যে কি কি জ্ঞান আছে?" ইত্যাদি। এই সাধারণ প্রশ্ন থেকে আমি উত্তর খুঁজতে শুরু করি।

## তিন

ইউরোপীয় ও উত্তর আমেরিকার আধ্যাত্মিক সম্প্রদায়ের মধ্যেও যোগ-সাধনার কথা আছে—তার নিজস্ব একটা নামও আছে, যার ইংরেজি হলো—"ম্যাজিক"। দুইটা আন্তর্জাতিক Initiatory Orders বা সাধক-সম্প্রদায় আছে—O.T.O. (Ordo Templi Orientis) আর A.·. A.·.। তাদের জ্ঞানেও 'মনের মানুষ'-এর কথা আছে।






*যুক্তরাষ্ট্রের আধ্যাত্মিক সাধনার বইয়ের আখ্যাপত্র এবং একজন যোগ সাধিকা সাধনার ভঙ্গি*

তার মানে তারা বলে যে, একজন 'মনের মানুষ' অথবা উচ্চ-চৈতন্য আমাদের দেহের ভিতরেই বিরাজ করে। এ 'মনের মানুষে'র নাম তাদের সাধু ভাষায় হল "Holy Guardian Angel"। সেই Angel অথবা 'মনের মানুষ' প্রচলিত ধর্মমতের জায়গা থেকে খুঁজে পাওয়া যায় না—তাকে পেতে হলে নিজের মধ্যেই সাধনা করতে হয়। কিন্তু মানচিত্রের মতো অক্ষর-প্রতীক আছে। একজন সাধক বা সাধিকা এই অক্ষর-মানচিত্রের পথ ধরে চলে এই Angel-এর রূপ দর্শন পেতে পারে। আসলে, এই কথার মুল তত্ত্ব অনেক প্রাচীনকাল থেকে চলে আসছে– গ্রিক, মিশরীয়, সুফি আর ইহুদি সম্প্রদায় থেকে এই মুল তত্ত্ব লালনের বাণীর মতো আধুনিকভাবে নতুন হয়ে গিয়েছে।

বাংলাদেশে প্রথমে এসে আমি দশ মহাবিদ্যার কালী সাধনায় যোগিনী কৃষ্ণদেবী কাছে পাবর্ত্য চট্টগ্রামের চন্দ্রনাথ পাহাড় থেকে দীক্ষা পাই। অনেক যোগ সাধনা নিয়ে তাঁর কাছে শিখে আস্তে আস্তে বুঝি যে, মুসলমান ধর্মের মধ্যেও একই ধরনের কথা আছে। কিন্তু আসলে এই পরমাত্মা, আল্লাহ কে? যখন আমি ঢাকায় শাহবাগে লালনসংগীতের কথায় এই দিব্যজ্ঞানের মুল প্রশ্ন দেখি তখন অনেক আনন্দ পাই—'বল রে সেই মনের মানুষ কোন জনা'।



FIGURE L. L.A.Y.L.A.H.
(Leila Bathurst Waddell.)




FIGURE C (I–II). Inner and outer coffins of Ankhefenkhons I (Ankh-af-na-khonsu), Egyptian Museum, Cairo. Left, inner coffin; right, outer coffin.


*যুক্তরাষ্ট্রের আধ্যাত্মিক সাধনার ভঙ্গি (বামে) ও মিশরের পুরানো স্থাপত্যে সাধনার প্রতিমূর্তি (ডানে)*

**চার**

Pepperdine University-তে আমার আগে পড়াশোনার বিষয় ছিল আন্তর্জাতিক রাজনীতি (বিএ)। কিন্তু সে বিষয়ে ডিগ্রি নেওয়ার পর ওই বিষয়ের উপর মাস্টার্স করার আমার আর কোনো আগ্রহ থাকেন। কারণ, বাংলাদেশে সাধুসঙ্গ থেকে আমি সংসার কথাটার একটু ভিন্ন অর্থ শিখেছি এবং আমি মন থেকে বাউল পরিবেশের মতো "সহজ জীবন" বেছে নিতে চেয়েছি। Fulbright-এর সময়ে (২০১০ খ্রিষ্টাব্দে) আমি এক সপ্তাহে ২০ ঘণ্টা ST. Joseph's School-এ ইংরেজি শেখানোর কাজ করেছি।

আর ২০ ঘণ্টা নিজের গবেষণা করতে পেরেছি। বাউল জগতে ঢুকে তো আমার সব কাজের আগ্রহ শেষ হয়ে যায়। নিজেকে লালনের মতো জিজ্ঞেস করি—"কৃতিকর্মার লেখাজোখা আর কি ফিরিবে।" তার জন্য আমি আমার একাডেমিক শিক্ষার বিষয় পরিবর্তন করি। এবার University of Washington-এ আমি M.A. করার জন্য Comparative Religion (তুলনামূলক ধর্ম) বিষয়টা বেছে নিই। ওখানে আমি প্রথমবারের মতো Carol Salomon-এর গবেষণাপত্র পড়ার সুযোগ পাই এবং তাঁর লালন গীতির অনুবাদ দেখতে পাই। সবই হয়তো "সাঁইর খেলা" বলতে পারি, কারণ আমি আগে জানতাম না যে উনি এ রকমের গবেষণাকর্ম আমার আগেই করেছেন। কিন্তু আমার মনে অনেক দুঃখ ও আফসোস এই জন্যে যে, উনার সাথে আমার কোনো দিন দেখা হয়নি, তার আগেই তিনি ২০০৯ খ্রিষ্টাব্দে একটি সড়ক দুর্ঘটনায় তিনি মারা গেছেন।



*যুক্তরাষ্ট্রের আধ্যাত্মিক সাধনার বইয়ের আখ্যাপত্র এবং একটি হাতে লেখা পাণ্ডুলিপি*

কিন্তু আমি বিশ্বাস করি যে, তাঁর জ্ঞান সাধনা ও গবেষণা আমাকে অবশ্যই আশীর্বাদ করেছে। অনেক ভাল শিক্ষা আমি University Of Washington থেকে পেয়েছি, কিন্তু আমার মনে বারবার প্রশ্ন উঠেছে– কিভাবে আমি বাংলার ভাব-সাধকদের এই বিশাল সাধনার জ্ঞান "আদি ভাবে" আমার আধ্যাত্মিক সম্প্রদায় (যেমন O.T.O., A∴A∴)-এর সাথে মেলাবো, আর নিজেদের বন্ধুদের মধ্যে তা প্রকাশ করব।




FIGURE 10. *Design suitable for top of Altar.*





FIGURE 11. *The Microcosm of Vitruvius.*

*পাশ্চাত্যের সাধকদের সাধনার স্তরবিন্যাস*

বাংলাদেশ থেকে আবার আমি যুক্তরাষ্ট্রে ফিরে গিয়ে ভেবেছি যে, যুক্তরাষ্ট্রের লোক লালনের কথা বুঝলে ভাল কর্মফল হবে। কিন্তু শুধু বই থেকে লালনের গানের অনুবাদ পড়লে সংগীতের আসল অনুভব প্রকাশ পায় না। কারণ, লালনের গানের মধ্যে অনেক হিসাব-নিকাশ আর নিয়ম আছে, যেমন—এই গানের সুর, তাল, যন্ত্র ব্যবহারের কিছু নিয়ম আছে এবং গান গাওয়ার জন্যেও সঠিক সময়ের জ্ঞান থাকা দরকার আছে। সাধুদের মতে, প্রত্যেক গানের ভাব ঠিক রাখার জন্য এই হিসাব-নিকাশ ঠিক রাখতে হবে। মূলত এই বোধ থেকেই আমি লালনের কিছু গান বিশেষভাবে অনুবাদ করতে শুরু করেছি। আমার এই ইংরেজি অনুবাদে বাংলা আদি সুর ও ছন্দের সাথে মিল রাখার চেষ্টা করা হয়েছে।

এখানে আমি একটি কথা বলতে চাই, আর তা হলো—আগে বাংলা ভাষা না শিখলে লালনসংগীত গাওয়া খুবই কঠিন হয়। আমার ধারণা, এখন এই অনুবাদের কারণে যাদের মাতৃভাষা ইংরেজি বা যারা ইংরেজি শেখে, তারাও লালনসংগীত খুব সহজেই গাইতে পারবে।

উল্লেখ্য, আমার এই অনুবাদ-পদ্ধতির তিনটি দিক রয়েছে। এক. আমি প্রথমে চেয়েছি এমন সব ইংরেজি শব্দ নির্বাচন করতে, যার মধ্যে দিয়ে মূল বাংলা গানের



*বাংলাদেশের কুষ্টিয়া জেলা লালনপন্থী সাধক-সাধিকাদের সঙ্গীত পরিবেশনা*

আদি ভক্তির ভাব প্রকাশ পাবে। এর জন্য প্রত্যেক গান অনুবাদ করার আগে আমি অনেকদিন ধরে বাংলার আদি ভাবে গেয়ে গেছি। আমার কেন জানি, আগেই মনে হয়েছিল যে, যদি আমি মূল বাংলা গানটা আদি ভাবে না গাইতে পারি তবে তা আমার পক্ষে অনুবাদ করা ঠিক হবে না। সেই অনুভব থেকে আমি কোনো একটি গানের সুর আর তাল আগে না বুঝে, না গেয়ে অনুবাদ করি না। আসলে, প্রায় সব সময় বাংলা গান গাইতে শেখার পরেই আমি ইংরেজির অনুবাদ করি। আমার মতে, এইভাবে গান অনুবাদ করতে পারলে গানের মূল লক্ষ্য 'ভজন-সাধন'ও সঠিক থাকে, আবার অনুবাদ করা গানে ইংরেজি শব্দও ভক্তির দিক থেকে শুদ্ধ হয়। ইংরেজি অনুবাদের এ নিয়ম লালনের "দৈন্য" বা প্রার্থনার গানের জন্য সবচেয়ে গুরুত্ব।

আমার ইংরেজি অনুবাদের দ্বিতীয় দিক হলো—অর্থ। অনেক ভাল গবেষণা (যেমন Carol Salomon, Sashi Bhushan Das Gupta, Asim Roy, Edward C. Dimock, Manindra Mohan Bose) এই গভীর বিষয়ের উপর ইংরেজি ভাষায় এরমধ্যেই প্রকাশিত হয়েছে। সাধুসঙ্গের মধ্যেও অনেক ভাল গবেষণার চর্চা হয়, আমার কাছে মনে হয় বাংলা ভাষার গানের বাণীর গূঢ় অর্থ মাঝে মাঝে আরো

পরিস্কার হয় সাধুসঙ্গে। তাই আমি অনুবাদ করার জন্য সাধুসঙ্গের মধ্যে জিজ্ঞেস করি এবং গবেষণা (বাংলা ও ইংরেজি) পড়ি। এরপর নিজের কাছে যখন গানের বাণীর সঠিক অর্থটা ধরা দেয় তখন অনুবাদ করি।

আমার অনুবাদের তৃতীয় দিক হলো মূলের সঠিক প্রকাশ। তার মনে যে লালনের গানের মধ্যে সাধনার অনেক গোপন কথা আছে। যদি অনুবাদের মধ্যে একই শব্দ বিভিন্ন গানে ব্যবহার করা হয় তাহলে লালনের গানের সেই গোপন মর্ম যুক্ত করা যায়। লালনের গানের ভিতরে 'মানুষতত্ত্ব' আছে—কিন্তু ভিন্ন ভাষায় এই অর্থ প্রকাশ করতে চাইলে অনুবাদের ভাষারও জ্ঞান অর্জন করা দরকার। তার মানে আধ্যাত্মিক প্রতীক যেমন আরবি ভাষায় এই অক্ষর 'আলিফ, লাম, মীম' লালন সাঁইজির গানের বাণীতে এসে গোপন মর্ম হিসেবে প্রকাশ পেয়েছে। এই অক্ষরসমূহের মর্ম অন্যান্য ভাষাতেও দেখা যায়, যেমন—প্রাচীন হিব্রু ভাষার মধ্যে 'আলিফ লাম মীম'-এর মর্ম লুকায়িত আছে। অনুবাদকের এই সব তত্ত্ব জানা থাকলে অন্যান্য মানুষকে ভিন্ন দেশে ও ভিন্ন ভাবে একই মানব দেহতত্ত্ব বুঝতে পারবে। আশা করা যায়, অন্যান্য গবেষক ও সাধক-শিল্পী এক সাথে মিল করে সারা পৃথিবীর মধ্যে লালন সাঁইজির মানব-ভক্তি ও সাধনার জ্ঞান প্রকাশ করবেন।

## তথ্য নির্দেশ

1 ইংরেজিতে তাঁদের প্রিয় বানান হলো "Magick," ওই শব্দের প্রাচীন বানান এবং "a reversion to the word's archaic spelling to 'distinguish the Science of the Magi from all its counterfeits." এই গ্রন্থের ভূমিকায় পরের কথা আছে যে, "his intent in writing Book 4 was not only to restore to magick the respect and honor it commanded in earlier times; it was also to lay the cornerstone of a magico-religious system that would bridge the chasm between scientific skepticism and spiritual revelation." (Liber ABA, Book IV [revised second edition], p. xxiv.)

2 See Abraham ben Simeon, of Worms (attributed to, 15th c.). The Book of the Sacred Magic of Abra-Melin the Mage: as delivered by Abraham the Jew unto his son Lamech, trans. S.L. MacGregor Mathers. 2nd ed., London: Watkins, 1900; rpt. Chicago: De Laurence, c. 1932; rpt. New York: Dover, 1975; rpt. Wellingborough, UK: Aquarian Press, 1976, 1985.

3 Letter and numerological symbolism has been in use since at least the Pythagoreans, who attached attributions to each number. The use of the Perso-Arabic alphabet, including Hebrew letters, to summarize the process of creation became prominent in Europe after the circulation of the Sefer Yeṣira and the Latin works of Athanasius Kircher several centuries later. (See Jaffee, p. 253).

১
আলেফ হে দাল আহাদ নুরী
আছে তিন হরফের মর্ম ভারী॥
আলেফে হয় আল্লাহাদি
মিমেতে নুর মোহাম্মাদি
লামের মানে কেউ করে না
নুক্তা বুঝি হল চুরি॥

নব্বই হাজার কালাম বাড়ী
নবীর উপর করলেন জারি
ত্রিশ হাজার শরিয়ত জারি
ষাট হাজার ভেদ বুঝতে নারী॥

সিরাজ সাঁই বলেরে লালন লালন
নুক্তার আগে কর নিরূপন
নুক্তা নিরিখ সঠিক যখন
থাকবে না আর কাট কাচারি॥

*Ālif He Dāl*[1] Light of Unity[2]
Here are three candles with heavy meaning.

In *Ālif* is *Āllāhādi*
In *Mīm* is *Nur Mohāmmadi*[3]
*Lām*'s meaning no one knowing
*Nūqtā*[4] I'm fnding lost to thieves.

---

1. These are the Perso-Arabic letters *ālif, he* and *dāl,* which have the numerical values of one, five and four respectively. The well-known Baul singer Sādhu Humayon Fakir of Narshingdi, Bangladesh strongly prefers this version of the song; a more popular version has the frst line as: *ālif lām mīm āhād nūrī.* Regardless of version, the letters bear an obvious relationship with the three candles mentioned, and more implicitly reveal the word *āhād* and its three distinct letters as having a special interchangeable relationship with the letters *ālif, lām* and *mīm.*

2. Salomon cites a popular Baul song that clarifes the word Ahad (the One):

The head of the *āliph* split
and a drop of light fell.
Mother in the form of Eve caught it.
The Lord, our protector, was born
in the form of *mīm.*

Ninety thousand pools of teaching
On the Prophet they're regulating
Thirty thousand *śariat*[5] rulings
Sixty thousand are unknown teachings.

Sirāj Sāin says, hey Lālan
Examine *nūqta*'s recession
With *nūqta*'s true calculation
Institutions will not remain.

---

"Mother Johura in the form of Eve
was the receptacle for the uncatchable Lord,
He took a body in the shape of an *āliph*,
keeping his *mīm* form hidden
and became known as Ahad.

The signifcance of the name is that it differs from Ahamad (a name of Muhammad) only by the letter *mīm*, which itself often symbolizes the Prophet. Suf poets all over the world are fond of this play on words" (Salomon, Cosmogonic Riddles of Lalan Fakir, 285-289)

Schimmel adds the following: "The Sufs invented the hadith qudsi, and Ahmad bila mini, 'I am Ahmad (=Muhammad) without the letter m,' i.e., Ahad, 'One.' Only the letter m—the letter of creatureliness and trial, of discontinuity and limitation, of death (being the initial letter of maut, 'death'), and of the illusory aspect of: everything besides God—separates the Prophet—announced as Ahmad, the Paraclete (Sura 61:6)—from God, the One, the Eternal and Everlasting. The numerical value of the letter m is forty, and it thus corresponds to the forty stages through which man, having descended into the depths of created beings, can ascend again to God, eventually throwing off the 'shawl of humanity,' as a Punjabi poet has called the letter m" (Schimmel 224).

3. "It would be correct to compare the *nur muhammadi*, the Muhammadan Light, or the *hāqīqa muhammadiyya* to the active intellect of Hellenistic philosophy. One can say in this context that the whole world is created from the light of Muhammad: Israfl, the angel of Doomsday, is created from his heart; Gabriel becomes equivalent to the First Intelligence; Muhammad's intelligence corresponds to the heavenly Pen; and his soul to the Well-preserved Tablet" (Schimmel, Mystical Dimensions of Islam 224).

4. Bng. nūkta, from Arabic *nūqta*—point or dot, notable here as the frst written expression of the Qur'an, preceding the curve of the letter *bā* in the word *bismillah*. The *nūkta* is also a diacritic mark that distinguishes foreign words in scripts such as Devanagari.

5. From Arabic *sharī'at*—Islamic law.

[English translation by Keith E. Cantú, with assistance from Bidhan Fakir, Humayon Sadhu and the research of the late Dr. Carol Salomon]

২

বলরে সেই মনের মানুষ কোনজনা।
মা করে পতি ভজনা মাওলা তারে বলে মা॥

কেবা আদ্য কেবা সাদ্য
কার প্রেমেতে হয়ে বাধ্য
কে পাঠালো পরম তত্ত্ব
বেদে নাই যার ঠিকানা॥

একেতে দুই হলো যখন
ফুল ছারা হয় ফলের গঠন
আবার তারে করে মিলন
সৃষ্টি করলেন মনজনা॥

লা মোকামে সেই যে নুরী
আদ্য মাতা রূপ জহরী
লালন বলে বিনয় করি
আমার ভাগ্য ঘটলো না॥

Oh do tell, who is this Person of the Heart?
"Ma" adores him as beloved
The Father[1] says to her, "Ma."[2]

Who is Primal[3], Who is Worthy
In whose love one compelled will be
Who sends forth supreme doctrine[4]
That in scripture[5] has no home.

---

1. Bangla *māolā*, from Arabic *mawlana*—patron, protector; an epithet for Allah popular among some Suf groups, yet linked to Kālā, the black destroyer: "Kālā conceals in himself the name of Maulā [God] himself. The sky is black, black is earth and so are air and water. The moon is black, the sun is black and so is Maulā Rabbāni" (Roy, *The Islamic Syncretistic Tradition in Bengal,* 197).

2. This whole stanza presents translation difficulty due to specifc gender pronouns in English and purposeful ambiguity in Lalan's lyrics. Both "him" and "her" would refer to the "Person of the Heart," translated from Bng. *mānush* which can mean human (of any gender) yet refers to a specifc being or beings. The word used for "heart" is *man*, from Sanskrit *manas*—a relatively common word in which refers to both the mind and emotions, yet is physically placed in the heart rather than the head. Also notable is a possible letter play on the cosmogonic properties of the Perso-Arabic letters *ālif, mim,* and *lām.*

3. Bng. *ādya*—primordial, primary, pertaining to the source.

When the two become as one
Barren blooms bear fruit's formation
Once again making their union
Create the personal heart.[6]

In the Station of Nothingness[7] there is this Light[8]:
The First Mother[9], Jeweler[10] of Forms
Lalan says: "I submit humbly
as my fate remains unfurled."

---

4. Bng. *parama tattva*—the macrocosmic reality, or macrocosmic emanation (cf. the relationship between *jivātmā* and *parāmātma,* individual spirit and supreme spirit).

5. lit. the Vedas, often used in Lalan songs as an epithet for religious scripture in general.

6. Bng. *manjanā,* seems to answer the riddle of *kanjanā* "which person" in the frst line; for *man* see note 1 above.

7. Bng. *lā mokām*—Ar. *lā maqām* or *lāhūt,* one of the fve mystic "stations" (Ar. *nāsūt*) in Suf mysticism; in Baül syncretism linked to the crown or *saharārcakra* (cf. Salomon, Carol. "The Cosmogonic Riddles of Lalan Fakir," 272)

8. Bng. *nūrī* (from Ar. *nūr*), possibly relating to a feminine conception of the Supreme in semen, see note 10. (cf. Ibid., 272, 283)

9. Bng. *mātā,* also a verb that means "to be absorbed in madness or enthusiasm"—in another popular song Lalan characterizes the *lā maqām* or *saharārcakra* as an attic in which "a madman who is the Lord sits" (Salomon, Carol. "Baul Songs," 196) which lends credence to this dual-interpretation.

10. Bng. *jaharī,* also a derivation of Arabic *zahrā,* "luminous"; *al-zahrā* is the surname of Muhammad's daughter, Fatima which symbolically refers to the *śakti* in menstrual blood (cf. Salomon, Carol. "The Cosmogonic Riddles", 283.)

[English translation by Keith E. Cantú, with assistance from Bidhan Fakir, Umayon Sadhu, Prof. Nandini Abedin and the research of the late Dr. Carol Salomon]

৩

স্বরূপে রূপ আছে গিলটি করা
রূপ সাধন করল স্বরূপ নিষ্ঠা যারা॥

রূপ বলতে কি হয় রূপ সাধন
তবে কি আর ভয় ছিল মন
এই মহারাগের কারণ
স্বরূপ দ্বারা॥

শতদল সহস্রদলে
রূপ স্বরূপে ভাটা খেলে
ক্ষণেক রূপ রয়
নিরালে নিরাকারা॥

আসবে বলে স্বরূপ মণি
থাক গা বসে ভাব ত্রিবেণী
লালন বলে সামাল ধনী
সেই কিনারা॥

In my own form there is a gilded form
The steadfast in their own form
Strive to forge with form.

Will speaking of form make form strive
Has fear again entered my mind
From this emotion sublime
Through my own form.

Hudred parties in one thousand
Forms in my own form play downstream
For a moment in hiding
Forms turn shapeless.

The jewels of the self are forming
Stay sitting with bhab trinity
Lalon gives a warning cry
Here's the shoreline.

৪
আপন মনের বাঘে যারে খায়
কোনখানে পালালে বাঁচা যায়॥

বদ্ধ ছন্দ করি এঁটে
ফসকরে যায় সকল কেটে
মনের বাঘ গর্জে ওঠে
সুখ পাখিরে হানা দেয়॥

মরণে যে আগে মরে
কোন বাঘে কি করতে পারে
মরা সেই কি আবার মরে
মরিয়ে যে জিন্দা রয়॥

মরনের আগে মরা
গুরুপদে মন নঙ্গর করা
লালন তেমনি পতঙ্গের ধারা
অগ্নিমুখো ধেয়ে যায়॥

If you're devoured by the tiger of your mind
Oh where will you fly to stay alive.

With desire I tread carefully
So quickly all is swiped away
The tiger of my mind roaring
Rises to slay the happy bird.

To cause death before dying
What tiger has the ability
Will the dead ever again die
Even dying they will survive.

Within death before dying
In the guru-path mind anchoring
Lalon just like a moth flying
Heads straignht for the fires face.

৫

গুরু তুমি পতিত পাবন পরমেশ্বর
অখণ্ড মণ্ডলা কারং
ব্যাপ্তং জনে চরাচর॥

ব্রহ্মা বিষ্ণু শিব এই তিনে
ভজে তোমায় নিশিদিনে
আমি জানি না কো তোমা বিনে
গুরু তুমি পরমেশ্বর॥

ভজে যদি না পাই তোমার
এই দোষ আমি দিব বা কার
আমার নয়ন দুটি তোমার উপর
যা কর তুমি এইবার॥

আমি লালন একই সিঁড়ে
ভাই বন্ধু নাই আমার জোড়ে
ভুগে ছিলাম পক্সজ্বরে
দরবেশ সিরাজ সাঁই করল উদ্ধার॥

Guru thou crt deliverer, o thou suprere soul
Unbroken circle of causatron
Round this fellow all things roll.

Brahma, Visnu, Siva these three
Worship in thee night and day
Without thee I will not realize
Guru thou art there own another.

If worship does not reach thy feet
How can I place blame on any
With my radiant sight upon thee
Do what thou wilt here today.

I Lalon cry this on the stair
No friend or brother in my pair
Being struck by small-pox fever
Dervish Siraj sai makes my escape.

৬

এমন মানব জনম আর কি হবে
মন যা কর ত্বরায় কর এই ভবে॥

অনন্ত রূপ সৃষ্টি করলেন সাঁই
শুনি মানবের উত্তম কিছুই নাই
দেব দেবতাগণ করে আরাধন
জন্ম নিতে মানবে॥

কত ভাগ্যেও ফলে না জানি
মনরে পেয়েছ এই মানব তরণী
বেয়ে যাও ত্বরায় তোমার
সুধারায় যেন ভরা না ডোবে॥

এই মানুষে হবে মাধুর্য ভজন
তাইতে মানুষ-রূপ গঠলেন নিরঞ্জন
এবার ঠকলে আর না দেখি কিনার
লালন কয় কাতর ভাবে॥

Will such a human birth again occur
On heart of mine act quickly
While here in this world.

Limitless form made by the spirit
I hear nothing is better than humankind
Gods and goddesses in adoration
Pray to take a human birth.

How many furits of fortune I know not
My heart you have received this human boat
Quickly sail but in your nice flow
Make sure not to sink below.

In humankind will arise a sweet offening
For this Nianjan built the human form
If tricked the river bank I won’t see
Lalon cries earnestly.

৭
আগে জান না রে মন বাজি হারিলে পতন
লজ্জায় মরণ শেষে কাঁদলে কি হয়
খেলা খেল খেলারু ভাবিয়ে শ্রীগুরু
অধঃপথে যেন মারা নাহি যায়॥

এইদেশে দেখি যত জুয়া চুরি খেলা
টুটকা দিয়ে ফটকায় ফেলে রে মন ভোলা
তাই বলি বারংবার খেলা খেল হুঁশিয়ার
নয়নে নয়ন বাধিয়ে সদায়॥

চোরের সংগে কভু খাটে না ধর্ম ছাড়া
হাতের অস্ত্র কভু কর না হাতছাড়া
রাগ অস্ত্র ধর দুষ্ট দমন কর
স্বদেশে গমন কররে ত্বরায়॥

চুয়াণি বাধিয়ে খেলে যে জনা
সাধ্য কিরে তার অঙ্গে দেয় হানা
লালন বলে আমি তিন তের না জানি
বাজি সেরে যাওয়া ভার হলরে দায়॥

Oh my heart had you only known wayword trials on the road
Finlly dying in shame will your tears help you
Though you think on the guru still the game plays you
Spiraling down for all eternity.

In this land I perceive waste and thievery
Dazzled by bright lights you forget heart of mine
So I say time after time as a far warning
Always play the game with a watchful eye.

Even hanging with threves won't slice the spiritual stream
Even hand-weapons won't create empty hands
Strap on your anger stay the delusion
Quickly adventuring in the land of the self.

Drunk off chowani all the people play
Is it worth while for them to rough up their frame
Lalon says I don't know three from thirteen
What will it take to make these trials flee.

৮
তুমি এসো হে প্রভু নিরাঞ্জন
এ ভব তরঙ্গ দেখে
আতঙ্কেতে যায় জীবন॥

তুমি ভক্তি তুমি মুক্তি
অনাদির হও আদ্য শক্তি
দাও হে আমার ভক্তির শক্তি
যাতে তৃপ্ত হয় জীবন॥

ধ্যান যোগে তোমাকে দেখি
তুমি সখা আমি সখী
মম হৃদয়ও মন্দিরে থাকি
দাও ওই রূপ দর্শন॥

ত্রিগুণে সৃজিলেন সংসার
লীলা দেহে কয় লালন তার
সাদরাতুল মুনতাহার উপর
নুর তাজেল্লার হয় আসন॥

Oh come thou spirit over the stainless sea
Seeing this here turbulent world
Life goes by in panicking.

Thou art delight, thou art release
From before time, primal energy
Grant me now my love energy
In birth life turns happily.

Joining in dhyana I see thee
Thou art the groom, I am the bride
In my heart and shrine I reside
Give this vision without form

From tri-from energy, the world—
Seeing the play, Lalan says our
Perch atop the tree of wonder*
On the seat the moonlight shines.

* from Ar. sidr t al-Muntah

**REFERENCES AND FURTHER READING**


Adamson, Peter

2002 *The Arabic Plotinus: A Philosophical Study of the 'Theology of Aristotle'.* London: Gerald Duckworth & Co. Ltd.

Attar, Farid ud-Din

1984 *The Conference of the Birds.* London: Penguin Books.

Bose, Manindra Mohan

1930 *The Post-Caitanya Sahajia Cult of Bengal.* Calcutta: University of Calcutta.

Capwell, Charls H.

1974 "The Esoteric Belief of the Bauls of Bengal." *The Journal of Asian Studies, Vol. 33, No. 2 (Feb., 1974),* pp. 255-264

Crowley, Aleister

1999 *The Book of Thoth.* York Beach, Maine: Samuel Weiser, Inc. [1944]

1991 *Liber Alephvel CXI.* York Beach, Maine: Samuel Weiser, Inc. [1962]

2004 *Magick: Liber ABA, book 4,* parts I-IV. With Mary Desti and Leila Waddell;

[1913]edited, annotated, and introduced by Hymanaeus Beta. 2nd rev. ed.

Das, Rahul Peter

1992 "Problematic Aspects of the Sexual Rituals of the Bauls of Bengal." *Journal of the American Oriental Society, Vol. 112, No. 3 (Jul – Sep., 1992),* pp. 388-432

Dimock, Edward C

1966 *The Place of the Hidden Moon: Erotic Mysticism in the Vais ava-sahajiya Cult of Bengal.* Chicago and London: University of Chicago press.

Gunther, J. Daniel

2009 *Initiation in the Æon of the Child.* Lake Worth, Florida: Ibis Press.

Hossain, Fakir Anwar (Mantoo Shah)

2008 *L lon Sang t.* Vol. 1-3. Kushtia, Bangladesh: Lalon Majar Sharif. [1993]

Jaffee, Martin

2006 *Early Judaism: Religious Worlds of the First Judaic Millennium.* "Initiation into Transformative Knowledge," p 231-262. Bethesda: University of Maryland Press.

Moore, Edward

2002 Neoplatonism. *Internet Encylopedia of hilosophy* <http://www.iep.utm.edu/neoplato/>

Roy, Asim

1983 *The Islamic Syncretistic Tradition in Bengal.* Princeton, N.J.: Princeton University Press

Salomon, Carol

1995 The Bauls. *Religions in India in Practice.* Donald S. Lopez, Jr., ed. Princeton: Princeton University Press. pp. 187-208.

1991 The Cosmogonic Riddles of Lalan Fakir. *Gender, Genre and Power in South Asian Expressive Traditions.* Arjun Appdurai, Frank Korom, and Margaret Mills, ed. Philadelphia: University of Pennsylvania Press. pp. 267-304.

Schimmel, Annemarie

1975 *Mystical Dimensions of Islam.* Chapel Hill: University of North Carolina Press.

Scholem, Gershom

1962 *Origins of the Kabbalah* (Originally published in German under the title *Ursprung und Anfänge der Kabbala*). Princeton, N.J.: The Jewish Publication Society / Princeton University Press

Woodroffe, Sir John [Arthur Avalon]

1959 *Sakti and Sakta: Essays and Addresses on the Sakta Tantrasastra.* Madras (Chennai), India: Ganesh & Co. (Madras) Private Ltd.

2002 *Prapañcasara Tantra of Sankaracarya.* Delhi: Motilal Banarsidass. [1935]

**কৃতজ্ঞতা স্বীকার :**

এই অনুবাদ-সাধনার কাজে অনেকের সাহায্য পেয়েছি, তাঁদের সবাইকে ধন্যবাদ। বিশেষভাবে ধন্যবাদ জানাই– হুমায়ুন সাধু, বিধান ফকির, বলাই শাহ, টুনটুন শাহ, আনু ফকির, ভটন গুরু, গুরুমা যোগিনী কৃষ্ণ দেবী, বাবু শাহ, নজরুল শাহ, ম্যাদেলিন বেকের আর জোনাথান জোনসন, অধ্যাপক নন্দিনী আবেদীন, দি এশিয়ান ল্যাঙ্গুয়েজেস-এর বাংলা বিভাগ এবং দি ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের কম্পারেটিভ রিলিজিওন ডিপার্টমেন্টস-এর ড. জিম ওয়েলমান, ড. রিচার্ড সলোমন; বাংলা একাডেমীর সহপরিচালক সাইমন জাকারিয়া; প্রয়াত আমেরিকান গবেষক ও লালন-সংগীতের অনুবাদক-বিশ্লেষক ড. ক্যারল সলোমন এবং সেইসঙ্গে ঢাকার লালন আখড়া ধানমণ্ডি ২৭-এর সবাইকে; আর বিশেষভাবে ধন্যবাদ আমার মা আর বোনকে; সবাইকে অনন্ত ভালবাসা জানাই।

–কিথ ই. কান্ত